

যুব উন্নয়ন অধিদপ্তরের ইনোভেশন টিমের ৪০তম সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ এরশাদ-উর-রশীদ
পরিচালক(দাঃবিঃওঋণ) এবং ইনোভেশন অফিসার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
স্থান : পরিচালকের অফিস কক্ষ।
তারিখ ও সময় : ২০ ফেব্রুয়ারী ২০১৯ খ্রিঃ ; বেলা ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট “ক” তে দেখানো হয়েছে।

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। টিমের সদস্য-সচিব জনাব সালেহ উদ্দিন আহমেদ সভাপতির অনুরোধক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা গৃহীত হয়। সভাকে অবহিত করা হয় যে, জানুয়ারি ২০১৯ মাসের কার্যবিবরণী ইনোভেশন কর্ণারে আপলোড করা হয়েছে এবং সিদ্ধান্ত সমূহ অবহিতকরণ ও বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রণালয় সহ সকল সদস্য-কে ই-মেইলে প্রেরণ করতঃ তা এসএমএস মারফত অবহিত করা হয়েছে। সভায় কর্মপরিকল্পনা বাস্তবায়ন মূল্যায়ন কাঠামোর (২০১৮-২০১৯) ভিত্তিতে অগ্রগতি পর্যালোচনা ও সুপারিশ গৃহীত হয় যা নিম্নরূপ-

| নং | উদ্দেশ্য | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|----|-------------------------------|---|--|--|
| ১ | উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন | উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ প্রণয়ন পূর্বক সংশ্লিষ্ট স্থানে পাঠানো হয়েছে। | - | - |
| ২ | ইনোভেশন টিমের সভা | ইনোভেশন টিমের সভা আহবানে নম্বর পদ্ধতি চালু থাকায় নিয়মিত সভা আয়োজনের বিষয়ে আলোচনা হয়। | সদস্য-সচিব জানান যে, যথারীতি সভা অনুষ্ঠিত হচ্ছে এবং চলতি বছরে ০৭টি সভা অনুষ্ঠিত হয়েছে; | - |
| ৩ | উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধি | ক) দেশের অভ্যন্তরে শিক্ষা সফর, ০১ ও ০২ দিনের কর্মশালা, ০২ ও ০৫ দিনের প্রশিক্ষণ আয়োজন বিষয়ে আলোচনা হয়। এ প্রেক্ষিতে জনাব সালেহ উদ্দিন আহমেদ সভাকে জানান যে, ১। দেশের অভ্যন্তরে শিক্ষা সফরের অফিস আদেশ জারী করা হয়েছে। ২। ৩৬ জন (১২+২৪) মেন্টর-মেন্টরি ০১ দিনের কর্মশালা গত ১৩/০২/২০১৯ খ্রিঃ অনুষ্ঠিত হয়েছে। খ) জনাব মোঃ আতিকুর রহমান, উপপরিচালক (বাস্তবায়ন) জানান যে, তাঁর দায়িত্বের সম্পাদনযোগ্য ২ দিনের প্রশিক্ষণ ও ১ দিনের কর্মশালা ১৫ মার্চ/২০১৯ এর ভিতর শেষ করবেন। গ) জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন, উপপরিচালক (পরিকল্পনা) জানান যে, তাঁর দায়িত্বের সম্পাদনযোগ্য ৫ দিনের প্রশিক্ষণের জন্য ৩০ জন প্রশিক্ষার্থীর খসড়া তালিকা ইতোমধ্যে পেশ করা হয়েছে। ১৭-১৮ মার্চ/২০১৯ খ্রিঃ তারিখে প্রশিক্ষণ শুরু করা যাবে। | জনাব এ, কে, এম মফিজুল ইসলাম, উপপরিচালক (দাঃবিঃ ও ঋণ) কে এক দিনের কর্মশালা সুষ্ঠুভাবে সম্পন্ন করায় তাঁকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। এক দিনের কর্মশালার রিপোর্ট দ্রুত উপস্থাপনের সিদ্ধান্ত নেয়া হয়। ০২ দিনের কর্মশালা এবং ০২ ও ০৫ দিনের প্রশিক্ষণ মার্চ/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে আয়োজন নিশ্চিত করা; নির্ধারিত তারিখে সকল প্রশিক্ষণের জন্য A2i এর সাথে যোগাযোগ করে রিসোর্স পারসন ঠিক করার ব্যবস্থা নিতে হবে। | জনাব এ, কে, এম মফিজুল ইসলাম, উপপরিচালক। জনাব মোঃ আতিকুর রহমান উপপরিচালক (বাস্তবায়ন) জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন উপপরিচালক (পরিকল্পনা) |